মুজিবনগরে নবাগত জেলা প্রশাসকের সঙ্গে মতবিনিময় সভা

মুজিবনগর উপজেলা প্রশাসনের উদ্যোগে নবাগত জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট শিল্পী রানী রায়ের সঙ্গে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায় উপজেলা পরিষদ হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদার সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট শিল্পী রানী রায়।

মতবিনিময় সভায় উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, জুলাই যোদ্ধা, রাজনৈতিক নেতৃবৃন্দ, জনপ্রতিনিধি, সাংবাদিক, শিক্ষক-শিক্ষার্থী, ব্যবসায়ী, ধর্মীয় নেতা এবং সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভার শুরুতে পবিত্র কোরআন শরীফ থেকে পাঠ করেন উপজেলা পরিষদের ইমাম মতিয়ার রহমান, পবিত্র গীতা থেকে পাঠ করেন শ্যামল কুমার পাল এবং পবিত্র বাইবেল থেকে পাঠ করেন সিস্টার মালতি মালো।

ধর্মগ্রন্থ পাঠ শেষে নবাগত জেলা ম্যাজিস্ট্রেট শিল্পী রানী রায়ের শিক্ষা ও কর্মজীবন এবং মুজিবনগর উপজেলার ওপর প্রেজেন্টেশন উপস্থাপন করেন উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক শিল্পী রানী রায় বলেন, “আপনাদের কথা শুনেছি এবং নোট নিয়েছি। উপজেলা নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ দেওয়া হয়েছে, আমার সঙ্গে পরামর্শ করে উত্থাপিত সমস্যাগুলোর দ্রুত সমাধানের ব্যবস্থা নিতে।” তিনি আরও বলেন, “মেহেরপুর জেলাকে সুন্দরভাবে গড়ে তুলতে আপনাদের সহযোগিতা প্রয়োজন। আপনারা আমার পাশে থাকবেন এই আশা রাখি।”

মতবিনিময় সভায় বক্তব্য রাখেন মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) জাহিদুর রহমান, উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, উপজেলা জামায়াতের আমির খান জাহান আলী, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, এনসিপি নেতা আরিফ খান, মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ ইসমাইল হোসেন, মুজিবনগর প্রেসক্লাবের

সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান, ভবেরপাড়া ক্যাথলিক চার্চের ফাদার রথুজন সরকার, মুজিবনগর পূজা উদযাপন কমিটির সভাপতি ধীরেন কুমার হালদার, উপজেলা ইমাম সমিতির সভাপতি তৌহিদ হোসেন এবং গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রী মৌমিতা আহমেদ লাবিবা।

মেহেরপুরে গ্রাম আদালত কার্যক্রমে জনসচেতনতা বাড়াতে সমন্বয় সভা

মেহেরপুরে বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় গ্রাম আদালত কার্যক্রম সম্পর্কে জনসচেতনতা তৈরিতে প্রচার-প্রচারণা জোরদারের লক্ষ্যে স্থানীয় অংশীজনদের সঙ্গে এক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক পার্থ প্রতিম শীলের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক শিল্পী রানী রায় বলেন, গ্রাম আদালতকে আরও কার্যকর ও জনবান্ধব করতে হলে তৃণমূল পর্যায়ে সচেতনতা বৃদ্ধি অত্যন্ত জরুরি। তিনি বলেন, গ্রাম আদালত সহজ, দ্রুত ও স্বল্প খরচে বিচারপ্রাপ্তির একটি গুরুত্বপূর্ণ মাধ্যম, যা সাধারণ মানুষের ন্যায়বিচার নিশ্চিত করতে বড় ভূমিকা রাখছে। এ কার্যক্রমকে আরও গতিশীল করতে সংশ্লিষ্ট সকলকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান তিনি।

সভায় আরও বক্তব্য রাখেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, জেলা কর্মকর্তা

আসাদুজ্জামান, উপজেলা সমন্বয়কারী আলমগীর কবির শাকিলুজ্জামান, প্রোগ্রাম এন্ড ফাইনান্স এডমিন সাহাজুল ইসলাম এবং পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক মোশাররফ হোসেন প্রমুখ।

সভায় গ্রাম আদালত কার্যক্রমকে আরও বিস্তৃত ও কার্যকর করতে বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয় এবং জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সমন্বিত উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়।

সিসিটিভিতে নকল দেখে পরিক্ষার্থী বহিষ্কার, ৩ শিক্ষককেও অব্যাহতি

মেহেরপুরের গাংনীর বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে এসএসসি পরীক্ষায় নকলের অপরাধে এক ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

একই সাথে দায়িত্বে অবহেলার দায়ে কক্ষ পরিদর্শক তিন শিক্ষককে পরীক্ষার দায়িত্ব থেকে অব্যাহতি দিয়েছে প্রশাসন।

আজ বৃহস্পতিবার ২৩ এপ্রিল দুপুরে বাংলা দ্বিতীয় পত্র পরীক্ষায় এই বহিষ্কারাদেশ দেন ওই কেন্দ্রের ম্যাজিস্ট্রেটের দায়িত্বপ্রাপ্ত মেহেরপুর জেলা প্রশাসনের সরকারি কমিশনার ফারুকুল ইসলাম। অব্যাহতিপ্রাপ্ত শিক্ষকরা হলেন তেঁতুলবাড়িয়া ইসলামিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক হাসান বসরী ও মিলন হোসেন এবং জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক শিলা নাসরিন।

জানা গেছে, পরীক্ষা কেন্দ্র সিসিটিভি ক্যামেরায় মনিটরিং করছিলেন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

ওই ছাত্রীর কাগজপত্রের ফাইলের মধ্যে নকলের নমুনা পেয়ে ছুটে যান তিনি। ছাত্রীর কাছে নকল পেয়ে সাথে সাথেই বহিষ্কার করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

বহিস্কার ও অব্যাহতির বিষয়টি নিশ্চিত করে গাংনী উপজেলা নির্বাহী

অফিসার আনোয়ার হোসেন বলেন, নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ করতে কঠোর অবস্থানে রয়েছে প্রশাসন।

গাংনীতে মাথাভাঙ্গা নদী কেড়ে নিল শিশুর প্রাণ

মেহেরপুরের গাংনী উপজেলার চর গোয়াল গ্রামে মাথাভাঙ্গা নদীর পানিতে ডুবে আব্রাহাম (২) নামের এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত আব্রাহাম একই গ্রামের মালয়েশিয়া প্রবাসী আকাশ আলীর ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, নদীর ধারে বাড়ি হওয়ায় সকালে বাড়ির পাশে খেলাধুলার সময় অসাবধানতাবশত শিশুটি নদীতে পড়ে যায়।

কিছুক্ষণ পর এলাকাবাসী তাকে নদীর পানিতে ভাসমান অবস্থায় দেখতে পেয়ে পরিবারের সদস্যদের খবর দেন। পরে তাকে উদ্ধার করা হলেও ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পাঠানো হয়েছে এবং প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

সংবাদ পরিবেশনের ক্ষেত্রে সঠিক

তথ্য ও পেশাগত দায়বদ্ধতা অপরিহার্য

বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি এ কে এম আব্দুল হাকিম বলেছেন, গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থায় দায়িত্বশীল ও বস্তুনিষ্ঠ সাংবাদিকতার যেমন কোনো বিকল্প নেই, তেমন একটি সংবাদ পরিবেশনের ক্ষেত্রে সঠিক তথ্য ও পেশাগত দায়বদ্ধতাও অপরিহার্য।

গতকাল বুধবার মেহেরপুর সার্কিট হাউসে অনুষ্ঠিত “গণমাধ্যমের অপসাংবাদিকতা রোধ এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন” বিষক দিনব্যাপী কর্মশালায় তিনি এ কথা বলেন।

তিনি বলেন, সারাদেশে সাংবাদিকদের ডাটাবেইসের কাজ চলছে। যাতে করে সাংবাদিকরা তাদের অধিকার পেতে পারে।

কর্মশালায় জেলার প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার অর্ধ শতাধিক সাংবাদিক অংশ নেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর জেলা তথ্য অফিসার আবদুল্লাহ আল মাসুদ। বক্তব্য দেন প্রেস কাউন্সিলের সচিব আব্দুস সবুর, মেহেরপুর পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় ও মেহেরপুরের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ।

সাংবাদিকদের মধ্য থেকে বক্তব্য রাখেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, স্টার টিভির ব্যুরো প্রধান রাশেদুজ্জামান, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম, মাই টিভি প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজা, তোফায়েল হোসেন প্রমুখ।

অনুষ্ঠান শেষে বিচারপতি এ কে এম আব্দুল হাকিম কর্মশালায় অংশগ্রহণকারীদের হাতে সার্টফিকেট তুলে দেন।

গাংনীতে কালবের উদ্যোগে মিউচুয়াল বেনিফিট প্রদান অনুষ্ঠিত

গাংনী উপজেলা শিক্ষক-কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেডের আয়োজনে এবং দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিমিটেডের (কালব) সহযোগিতায় মিউচুয়াল বেনিফিট প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সমিতির কার্যালয়ে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি ও গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক রফিকুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সমিতির সহ-সভাপতি আবু সায়েম পল্টু।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমিতির ডিরেক্টর ও গাংনী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমিতির ডিরেক্টর হারুনুর রশিদ রবি, সাধারণ সম্পাদক ও গাংনী মহিলা ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আমিরুল ইসলাম, কোষাধ্যক্ষ আক্তারুজ্জামান, কালবের জেলা ব্যবস্থাপক সুজয় কুমার বসু, শাখা ব্যবস্থাপক কাউছার আলী এবং মিউচুয়াল বেনিফিট গ্রহীতা ছানোয়ার হোসেন বাবলু।

অনুষ্ঠানে জানানো হয়, সমিতির সদস্য ও গাংনী মহিলা ডিগ্রি কলেজের আইসিটি বিভাগের প্রভাষক আসমা আক্তার বানু সম্প্রতি হঠাৎ মৃত্যুবরণ করেন। সমিতির নিয়ম অনুযায়ী মিউচুয়াল বেনিফিটের আওতায় মোট ৪ লাখ ৫৫ হাজার ৩৮০ টাকার মধ্যে তার ঋণ বাবদ ৩ লাখ ৪২ হাজার ৭০০ টাকা পরিশোধ করা হয় এবং অবশিষ্ট ১ লাখ ১২ হাজার ৬৩০ টাকা নগদ তার নমিনি স্বামী ছানোয়ার হোসেন বাবলুর হাতে তুলে দেওয়া হয়।

প্রধান অতিথির বক্তব্যে আবুল কালাম আজাদ স্বপন বলেন, “এই প্রতিষ্ঠানটি শিক্ষক-কর্মচারীদের বিভিন্ন সংকটময় সময়ে পাশে থেকে সহায়তা করে আসছে। বিশেষ করে আর্থিক সহায়তা প্রদানের বিষয়টি অত্যন্ত প্রশংসনীয়।” তিনি সমিতির কার্যক্রম আরও স্বচ্ছ ও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করেন।

তিনি আরও বলেন, কোনো সদস্য মৃত্যুবরণ করলে তার ঋণের দায় পরিবারের ওপর চাপানো হয় না। পাশাপাশি নমিনি বা পরিবারের সদস্যদের মিউচুয়াল বেনিফিট ও দাফন-কাফনের জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়, যা সমিতির মানবিক দৃষ্টিভঙ্গির পরিচয় বহন করে।

অনুষ্ঠানে সমিতির কার্যক্রম আরও বিস্তৃত ও গতিশীল করতে সকল সদস্যকে একযোগে কাজ করার আহ্বান জানানো হয়। বক্তারা আশা প্রকাশ করেন, ভবিষ্যতেও কালব শিক্ষক-কর্মচারীদের কল্যাণে কাজ করে যাবে।

মুজিবনগরে গলায় ফাঁস দিয়ে কলেজ শিক্ষার্থীর আত্মহত্যা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রামনগর গ্রামে নাছিম রেজা (২০) নামে এক কলেজ শিক্ষার্থী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।
মঙ্গলবার (২১ এপ্রিল) দুপুরে উপজেলার মোনাখালী ইউনিয়নের রামনগর গ্রামে তার নিজ বাড়িতে এ ঘটনা ঘটে।

নিহত নাছিম রেজা একই গ্রামের তৌফিক আলীর ছেলে এবং মেহেরপুর পৌর ডিগ্রি কলেজের এইচএসসি দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন।

পারিবারিক সূত্রে জানা যায়, মঙ্গলবার দুপুরে নাছিম নিজ ঘরের দরজা বন্ধ করে ফ্যানের সঙ্গে গলায় রশি দিয়ে আত্মহত্যা করে। কিছুক্ষণ পর তার দাদি রজিফা খাতুন ঘরের ভেতরে তাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পেয়ে চিৎকার করেন। পরে প্রতিবেশী ও স্বজনরা এসে দরজা ভেঙে তাকে উদ্ধার করে দ্রুত মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহিদুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, “প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, পারিবারিক অভিমান থেকে তিনি আত্মহত্যা করে থাকতে পারেন।” তিনি আরও জানান, খবর পেয়ে পুলিশ লাশ উদ্ধার করে নিজেদের হেফাজতে নেয়। পরে পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় থানায় একটি অপমৃত্যু মামলা রুজু করে লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

স্থানীয় ইউপি সদস্য সিরাজুল ইসলাম জানান, পরিবারের সদস্যরা তাকে নিজ ঘরে গলায় ফাঁস দেওয়া অবস্থায় দেখতে পান।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় নিহত কৃষকের পরিবারকে সরকারি সহায়তা প্রদান

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী কিবরিয়া ফিলিং স্টেশনের সামনে সড়ক দুর্ঘটনায় নিহত কৃষক আওরঙ্গজেবের পরিবারকে সরকারি সহায়তা প্রদান করা হয়েছে।

মঙ্গলবার (২১ এপ্রিল) দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস নিহতের বাড়িতে গিয়ে তার স্ত্রী রাশিদা খাতুন ও ছেলে সেলিমের হাতে নগদ ২৫ হাজার টাকা ও খাদ্যসামগ্রী তুলে দেন।

এর আগে সোমবার (২০ এপ্রিল) ডিজেল নিয়ে ফেরার পথে বেপরোয়া গতির একটি ট্রাকের ধাক্কায় গুরুতর আহত হন আওরঙ্গজেব। পরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এসময় উপজেলা নির্বাহী কর্মকর্তা শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান এবং তাদের পাশে থাকার আশ্বাস দেন।
সহায়তা প্রদানকালে তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদুল ইসলামসহ স্থানীয় ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[

মেহেরপুরে বিদ্যালয় ভিত্তিক বার্ষিক পরিকল্পনা সভা অনুষ্ঠিত

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ ধারাবাহিকভাবে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে।

এর অংশ হিসেবে মঙ্গলবার (২১ এপ্রিল) সকাল ১০টায় মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে “বিদ্যালয়ভিত্তিক বার্ষিক পরিকল্পনা সভা” অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছা. হালিমা খাতুন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমিউনিটি এডুকেশন ওয়াচ কমিটির আমঝুপি ইউনিয়ন সভাপতি মাওলানা কাজী রুহুল আমিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবক ও বিদ্যালয়ের পিটিএ সভাপতি মো. বারেক আলী। এছাড়া সভায় বক্তব্য দেন ওয়াচ কমিটির সদস্যবৃন্দ ও বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা।

গণসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এ সভার আয়োজন করে। সভায় বিদ্যালয়ের আগামী এক বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) প্রোগ্রাম ম্যানেজার মোছা. কাজল রেখা বার্ষিক পরিকল্পনার বিভিন্ন দিক তুলে ধরে বলেন, বিদ্যালয়ভিত্তিক পরিকল্পনার মাধ্যমে শিক্ষার মান উন্নয়নে ইতিবাচক পরিবর্তন আনা সম্ভব। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রোগ্রাম অফিসার চাঁদতারা সূর্য।